গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১. 282    তারিখঃ 5/০৭/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- 0621/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি সুমিতা হালদার, পিতাঃ সুশীল হালদার, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় কর্মরত আছেন;

২। যেহেতু, আপনি অসুস্থতার জন্য গত ১৮/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৭/০৩/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৬০ (ষাট) দিনের বিশ্রাম চেয়ে আবেদন করে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেনি;

৩। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের গত ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৩০৪ নং স্মারকে কারণ দর্শানো হয়;

৪। যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি;

৫। যেহেতু, আপনার দীর্ঘ দিনের কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি হাসপাতালে সেবা প্রদানে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে;

৬। যেহেতু, আপনার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক "অসদাচরণ" ও ২(চ) মোতাবেক "পলায়ন"এর আওতাভুক্ত অপরাধ;

৬। সেহেতু, আপনি সুমিতা হালদার, পিতাঃ সুশীল হালদার, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ ও ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

5/07/2022

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

প্রাপকঃ
সুমিতা হালদার
সিনিয়র স্টাফ নার্স

কর্মস্থলের ঠিকানাঃ
সুমিতা হালদার
পিতাঃ সুশীল হালদার
সিনিয়র স্টাফ নার্স
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ
সুমিতা হালদার
পিতাঃ সুশীল হালদার
গ্রামঃ উত্তর দেহেরগটি
পোঃ রহমতপুর, উপজেলাঃ বাবুগঞ্জ,
জেলাঃ বরিশাল

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১.284/1(6)

তারিখঃ 06/০৭/২০২২ খ্রিঃ

**<u>অনুলিপিঃ</u>** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।

6/7/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

সুমিতা হালদার, পিতাঃ সুশীল হালদার, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা অসুস্থতার জন্য গত ১৮/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৭/০৩/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৬০ (ষাট) দিনের বিশ্রাম চেয়ে আবেদন করে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেনি। তার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এবং ২(চ) বিধি মোতাবেক "পলায়ন" এর আওতাভুক্ত অপরাধ।

১৬/০৭/২০২০

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd